ফকিরহাটে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

বাগেরহাটের ফকিরহাটে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ভুট্টা, সূর্যমূখী,শীত ও গ্রীষ্মকালীন মুগের বীজ এবং সার বিতরণ করা হয়েছে। ফকিরহাট উপজেলা কৃষি অফিসের আয়োজনে সকালে ফকিরহাট উপজেলা কৃষি অফিস অডিটরিয়মে বীজ ও সার বিতরণ কর্মসূচীর উদ্বোধন করেন, ফকিরহাট উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি স্বপন দাশ।
ফকিরহাট উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ নাছরুল মিল্লাতের সভাপতিত্বে বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বাগেরহাট কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক রঘুনাথ কর। এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বাগেরহাট কৃষি অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার দীপক কুমার রায়, ফকিরহাটের সহকারি কমিশনার (ভ‚মি) রহিমা সুলতানা বুশরা, উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ মোস্তাহিদ সুজা, মহিলা ভাইস চেয়ারম্যান তহুরা খানম, উপ-সহকারি উদ্ভিদ সংরক্ষন অফিসার নয়ন সেন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা তন্ময় দত্ত, উপ-সহকারি কৃষি কর্মকর্তা বিপুল কুমার পাল, সুলইমান মন্ডল, তানিয়া সুলতানা, কৃষক মনিমোহন দাশ প্রমূখ।

ফকিরহাট উপজেলার ৪ শতাধিক ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে প্রণোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে ভুট্টা, সূর্যমূখী,শীত ও গ্রীষ্মকালীন মুগের বীজ এবং সার বিতরণ করা হয়।

ভিডিও দেখুন